



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



মুজিব
শতবর্ষ
100

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.২০০

তারিখ: ৬ বৈশাখ ১৪২৯

১৯ এপ্রিল ২০২২

বিষয়: সাতক্ষীরা জেলার সাতক্ষীরা সিটি কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে বিধি বহির্ভূত প্রভাষক পদ থেকে স্থায়ীভাবে অব্যাহতি প্রদানের বিষয়ে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণ

দুর্নীতি দমন কমিশন, ঢাকার এর স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.২২৭.২১-১১০০, তারিখ-১০/০১/২০২২খ্রি. মোতাবেক সাতক্ষীরা জেলার সাতক্ষীরা সিটি কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে বিধি বহির্ভূতভাবে প্রভাষক পদ থেকে স্থায়ীভাবে অব্যাহতি প্রদানের বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করার জন্য মোঃ ইমরুল ইকবাল আবেদন করেন। তার আবেদনের বিধিমতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুদক মাউশিতে প্রেরণ করেন।

বর্ণিত বিষয়টি সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ ১০(দশ) কর্ম দিবসের মধ্যে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য সহকারী পরিচালক, (কলেজ) , মাউশি, আঞ্চলিক কার্যালয়, খুলনাকে দায়িত্ব প্রদান করা হয়।

তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তার মতামত: (১) সাতক্ষীরা সিটি কলেজ, সাতক্ষীরার প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) পদে যাগেদানকৃত শিক্ষক জনাব মাঃ ইমরুল ইকবাল কর্তৃক দাখিলকৃত শিক্ষক নিবন্ধন সনদটি অনলাইনে এনটিআরসিএ'র সম্মিলিত জাতীয় মেধা তালিকা অনুসন্ধানে না পাওয়ায় সেটি সঠিক নয় এবং তার নিয়োগে যথাযথ ছিল না বলে তদন্ত কর্মকর্তার নিকট প্রাথমিকভাবে মনে হয়েছে। (২) জনাব মাঃ ইমরুল ইকবালের শিক্ষক নিবন্ধন সনদ ছিল না মর্মে অধ্যক্ষ তাকে চাকরী হতে অব্যাহতি দিয়েছেন এটি অযৌক্তিক নয়। তবে পদ্ধতি অনুসরণ করা সমীচীন ছিল।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কমিটির মতামত ও পর্যবেক্ষণ এর প্রেক্ষিতে ০৩ কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা প্রদান করার জন্য অধ্যক্ষকে অনুরোধ করা হলো এবং একই বিষয়ে ০৩ কর্ম দিবসের মধ্যে মতামত প্রদানের জন্য গভর্নিং বডির সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-৪-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) সভাপতি, গভর্নিং বডি, সাতক্ষীরা সিটি কলেজ, সাতক্ষীরা।
- ২) অধ্যক্ষ, সাতক্ষীরা সিটি কলেজ, সাতক্ষীরা।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.২০০/১

তারিখ: ৬ বৈশাখ ১৪২৯

১৯ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক (দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল), দুর্নীতি দমন কমিশন

১৯-৪-২০২২

